

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৭৯১

১০/ কুরবানী প্রসঙ্গে (كتاب الضحايا)

পরিচ্ছেদঃ ৮২. কুরবানীর পশুর বয়স কত হবে সে সম্পর্কে।

باب مَا يَجُوزُ مِنَ السِّنِّ فِي الضَّحَايَا

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ، حَدَّثَنَا مَنْصُورٌ، عَنِ الشَّعْبِيِّ، عَنِ الْبَرَاءِ، قَالَ خَطَبَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ النَّحْرِ بَعْدَ الصَّلَاةِ فَقَالَ " مَنْ صَلَّى صَلَاتَنَا وَنَسَكَ نُسُكَنَا فَقَدْ أَصَابَ النُّسُكَ وَمَنْ نَسَكَ قَبْلَ الصَّلَاةِ فِتْلَكَ شَاةٌ لَحْمٍ " . فَقَامَ أَبُو بُرْدَةَ بْنُ نِيَّارٍ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ وَاللَّهِ لَقَدْ نَسَكْتُ قَبْلَ أَنْ أُخْرَجَ إِلَى الصَّلَاةِ وَعَرَفْتُ أَنَّ الْيَوْمَ يَوْمُ أَكْلِ وَشُرْبٍ فَتَعَجَّلْتُ فَأَكَلْتُ وَأَطْعَمْتُ أَهْلِي وَجِيرَانِي . فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " تِلْكَ شَاةٌ لَحْمٍ " . فَقَالَ إِنَّ عِنْدِي عَنَاقًا جَذَعَةً وَهِيَ خَيْرٌ مِنْ شَاتِي لَحْمٍ فَهَلْ تُجْزَى عَنِّي قَالَ " نَعَمْ وَلَنْ تُجْزَى عَنْ أَحَدٍ بَعْدَكَ " .

বাংলা

২৭৯১. মুসাদ্দাদ (রহঃ) বারা'আ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরবানীর দিন ঈদের সালাত আদায়ের পর আমাদের সামনে খুতবা দেন এবং বলেন, "যে ব্যক্তি আমাদের মত সালাত আদায় করেছে, সে তো ঠিকমতই কুরবানী করেছে। কিন্তু যে ব্যক্তি সালাতের আগে কুরবানী করেছে, (সে কুরবানীর সওয়াব পাবে না;) বরং তা হবে বকরীর মাংস মাত্র।

তখন আবু বুরদা ইবন নিয়ার (রাঃ) দাঁড়ান এবং বলেনঃ ইয়া রাসূলুল্লাহ! আমি তো সালাত আদায়ের উদ্দেশ্যে বের হওয়ার আগেই কুরবানী করে ফেলেছি এবং আমার এরূপ ধারণা ছিল যে, আজ তো পানাহারের দিন মাত্র। সে কারণে আমি জলদি করেছি এবং তা নিজে খেয়েছি এবং আমার পরিবার-পরিজন ও আমার প্রতিবেশীদেরও খেতে দিয়েছি।

তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ এতা বকরীর মাংস খাওয়া হয়েছে মাত্র। তখন আবু বুরদা (রাঃ) বলেনঃ আমাদের নিকট এক বছর বয়সের এমন একটি বকরী আছে, যা দু'টি বকরীর মাংসের চাইতেও উত্তম, তা কুরবানী করা কি আমার জন্য যথেষ্ট হবে? তিনি বললেনঃ হ্যাঁ। তবে তুমি ব্যতীত আর কারো জন্য এ

ধরনের কুরবানী করা বৈধ হবে না।

English

Narrated Al-Bara' bin 'Azib:

The Messenger of Allah (ﷺ) delivered a sermon to us on the day of sacrifice after the prayer. He said: If anyone prays like our prayer, and sacrifices like our sacrifice, his sacrifice is all right. If anyone sacrifices before the prayer (for 'Id), that is goat meant for flesh. Abu Burdah b. Niyar stood up and said: Messenger of Allah, I swear by Allah, I sacrificed before I went for prayer. I thought it was the day of eating and drinking; so I made haste, and ate myself, and supplied flesh to my family and neighbors. The Messenger of Allah (ﷺ) said: That is a goat meant for eating flesh. He said: I have a kid (of less than a year) which is better than two goats meant for flesh. Will it be valid from me ? He said: Yes, but it will not be valid for anyone after you.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=34899>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন